চুয়াডাঙ্গায় নতুন আটজনের করোনা শনাক্ত

গত ২৪ চুয়াডাঙ্গায় নতুন করে আটজনের করোনা শনাক্ত হয়েছে। বৃহস্পতিবার রাতে জেলা স্বাস্থ্য বিভাগ থেকে এ তথ্য জানা গেছে। এ নিয়ে জেলায় মোট আক্রান্তের সংখ্যা হলো ২৩৭।
চুয়াডাঙ্গার সিভিল সার্জন ডা. এএসএম মারুফ হাসান জানান, আক্রান্তদের মধ্যে চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনা দক্ষিণ চাঁদপুরের দু্ইজন ও বাসষ্ট্যান্ড পাড়ার একজন এবং দামুড়হুদা দশমী পাড়ার দুইজন জন রয়েছে।
এছাড়া, চুয়াডাঙ্গা পৌর এলাকার পাসপোর্ট অফিসের একজন, বিদ্যুৎ অফিসের একজন ও পুলিশ লাইনের একজন ।এদের মধ্যে ছয়জন পুরুষ ও দুইজন মহিলা রয়েছে।

আপডেট:: মেহেরপুরে একই পরিবারের ৬জনসহ আক্রান্ত ৭

মেহেরপুরে নতুন করে গত ২৪ ঘন্টায় আরো ৭ জন করোনা আক্রান্ত হয়েছেন। সবগুলোই মেহেরপুর পৌর শহরের। আক্রান্ত ৭ জনের মধ্যে একই পরিবারের ৬জন। এনিয়ে জেলায় ৮৭ জন করোনায় আক্রান্ত হলেন। এর মধ্যে ৩৩ জন সুস্থ হয়েছেন, ৫ জন মারা গেছেন। ৮ জন রেফার্ড করা হয়েছে।

আক্রান্তরা হলেন- মেহেরপুর শহরের নীলমনি হলপাড়ার ফরহাদুল রেজা। তিনি জীবননগর উপজেলা মৎস্য কর্মকর্তা। তার পরিবারের আরো ৫জন । তারা হলেন বুলবুল (২৬), বাঁধন (২১), হীরা (৩৮), তাসিন (৮), আরিছা (১৩)। বাকি একজন হলেন পুরাতন আক্রান্ত তানিয়ার বোন মন্ডলপাড়ার জান্নাতুল।

মেহেরপুরের সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন জানান, আজ কুষ্টিয়া মেডিকেল কলেজ থেকে ১৯টি রিপোর্ট এসেছে। এর মধ্যে ৭টি পজিটিভ, বাকিগুলো নেগেটিভ।

তিনি জানান, এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা ১৮৮৮টি।

মেহেরপুর জেলায় পজিটিভ কেইস এর সংখ্যা বর্তমানে ৪১ (সদর-২৪, গাংনী-১৪, মুজিবনগর-৩) জন।

মেহেরপুরে নতুন ৭ জন করোনা পজিটিভ

মেহেরপুরে নতুন করে গত ২৪ ঘন্টায় আরো ৭ জন করোনা আক্রান্ত হয়েছেন। সবগুলোই মেহেরপুর পৌর শহরের। আক্রান্ত ৭ জনের মধ্যে একই পরিবারের ৬জন। এনিয়ে জেলায় ৮৭ জন করোনায় আক্রান্ত হলেন। এর মধ্যে ৩৩ জন সুস্থ হয়েছেন, ৫ জন মারা গেছেন। ৮ জন রেফার্ড করা হয়েছে।

আক্রান্তরা হলেন- মেহেরপুর শহরের নীলমনি হলপাড়ার ফরহাদুল রেজা। তিনি জীবননগর উপজেলা মৎস্য কর্মকর্তা। তার পরিবারের আরো ৫জন । তারা হলেন বুলবুল (২৬), বাঁধন (২১), হীরা (৩৮), তাসিন (৮), আরিছা (১৩)। বাকি একজন হলেন পুরাতন আক্রান্ত তানিয়ার বোন মন্ডলপাড়ার জান্নাতুল।

মেহেরপুরের সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন জানান, আজ কুষ্টিয়া মেডিকেল কলেজ থেকে ১৯টি রিপোর্ট এসেছে। এর মধ্যে ৭টি পজিটিভ, বাকিগুলো নেগেটিভ।

তিনি জানান, এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা ১৮৮৮টি।

মেহেরপুর জেলায় পজিটিভ কেইস এর সংখ্যা বর্তমানে ৪১ (সদর-২৪, গাংনী-১৪, মুজিবনগর-৩) জন।

রাষ্ট্রায়ত্ত পাটকলগুলোর উৎপাদন কার্যক্রম বন্ধ ঘোষণা

রাষ্ট্রায়ত্ত পাটকলগুলোর উৎপাদন কার্যক্রম বন্ধ ঘোষণা করা হয়েছে। সংস্কার ও আধুনিকায়নের জন্য এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। একইসঙ্গে শ্রমিকদের শতভাগ পাওনা বুঝিয়ে দেয়া হবে। শ্রমিকদের পাওনা টাকা সরাসরি তাদের অ্যাকাউন্টে দেওয়া হবে।

বৃহস্পতিবার সকালে গণভবনে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে প্রধানমন্ত্রীর এক বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়। বিকালে প্রধানমন্ত্রীর কার্যালয়ে সংবাদ ব্রিফিংয়ে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ড. আহমদ কায়কাউস এসব তথ্য জানান।

দেশে ২৫টি রাষ্ট্রায়ত্ত পাটকল রয়েছে।

মুখ্য সচিব বলেন, রাষ্ট্রায়ত্ত পাটকলগুলোর আধুনিকায়ন ও রিমডেলিংয়ের জন্য উৎপাদন কার্যক্রম বন্ধ ঘোষণা করা হয়েছে। শ্রমিকদের শতভাগ পাওনা বুঝিয়ে দেওয়া হবে। শ্রমিকদের পাওনা বুঝিয়ে দিতে পাঁচ হাজার কোটি টাকা বরাদ্দ দেওয়া হয়েছে।

ড. আহমদ কায়কাউস বলেন, শ্রমিকদের আরও দক্ষ করতে প্রশিক্ষণ দেবে সরকার। পরবর্তীতে এ কারখানাগুলো পুনরায় চালু হলে নিয়োগের ক্ষেত্রে বর্তমান শ্রমিকদের অগ্রাধিকার দেওয়া হবে।

এক প্রশ্নের জবাবে মুখ্য সচিব বলেন, পাটকল শ্রমিকরা এতোদিন ঠিকমতো তাদের পাওনা পেতো না। এখন তাদের সব পাওনা বুঝিয়ে দেওয়া হবে।

তিনি বলেন, মূলত শ্রমিকদের সুরক্ষার জন্য ৫০ শতাংশ পারিবারিক সঞ্চয়পত্রের মাধ্যমে দেওয়া হবে। এতে শ্রমিকরা এখন যে অবস্থায় আছেন তার চাইতে বেশি ভালো থাকবেন।

যুগান্তর রিপোর্ট

করোনা পরীক্ষার ফি যেভাবে নেয়া হবে

করোনাভাইরাস পরীক্ষায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্যসেবা বিভাগ ইউজার ফির হার নির্ধারণ করে একটি পরিপত্র জারি করেছে।

বৃহস্পতিবার দুপুরে এক অনলাইন ব্রিফিংয়ে স্বাস্থ্য অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক(প্রশাসন) অধ্যাপক নাসিমা সুলতানা বলেন, বুথে থেকে নমুনা সংগৃহীতদের পরীক্ষার ফি ২০০ টাকা, বাসা থেকে সংগৃহীত ৫০০ টাকা ও হাসপাতালে ভর্তি রোগীর পরীক্ষায় ২০০ টাকা ধার্য করা হয়েছে।

এ ক্ষেত্রে শর্তের কথা উল্লেখ করে তিনি আরও বলেন, চিকিৎসা সুবিধা বিধিমালা ১৯৭৪-এর আওতায় সরকারি কর্মকর্তা-কর্মচারীদের চিকিৎসা সংক্রান্ত সব সুযোগ-সুবিধা বহাল থাকবে।

‘মুক্তিযোদ্ধ, দরিদ্র ও নিঃস্বদের রোগ নির্ণয় পরীক্ষা-নিরীক্ষা সংক্রান্ত সরকারি আদেশ বহাল থাকবে। সব সরকারি হাসপাতালের ক্ষেত্রে উল্লেখিত হারে ফি নির্ধারণ করা হয়েছে। ইতিমধ্যে এই আদেশ কার্যকর করা হচ্ছে।’

তিনি বলেন, তবে বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে আমরা বলেছি যে তারা বেসরকারি স্বাস্থ্যসেবা পরীক্ষাগার বা যারা পরীক্ষা করছেন তারা বাসায় গিয়ে নমুনা সংগ্রহ করলে এক হাজার টাকা এবং পরীক্ষার ফি সাড়ে তিন হাজার টাকা নেবেন।

‘বাসায় নমুনা সংগ্রহ ও পরীক্ষার ফি একসঙ্গে করলে সাড়ে চার হাজার টাকা। হাসপাতাল বা ডায়াগনস্টিক সেন্টারে নমুনা দিলে এই পরীক্ষার ফি কেবল সাড়ে তিন হাজার টাকা।’

তিনি বলেন, যে স্থানে নমুনা সংগ্রহ করা হবে, সেই স্থানেই এই সরকারি ফি ক্যাশ ম্যামোর মাধ্যমে গ্রহণ করা হবে এবং পরিপত্রে সরকারি কোষাগারের যে নম্বর দেয়া আছে, সেখানে জমা হবে। অ্যাপ

তৈরি হলে সেটির মাধ্যমেই তা সরকারি কোষাগারে জমা হবে বলে নাসিমা সুলতানা জানান।

সুস্বাস্থ্যের জন্য দরকার ভেজালমুক্ত খাবার: তাজুল ইসলাম

দেশের মানুষের স্বাস্থ্যের জন্য যেমন হাসপাতাল ও চিকিৎসার মান উন্নয়ন দরকার, তেমনি ভেজালমুক্ত খাবারও প্রয়োজন বলে জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মো. তাজুল ইসলাম। তিনি বৃহস্পতিবার দুপুরে রাজধানীর দক্ষিণ সিটি কর্পোরেশনের আধুনিক খাদ্য পরীক্ষাগারের উদ্বোধন শেষে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন- ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস, স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব হেলালুদ্দীন আহমেদ সহ স্থানীয় সরকার বিভাগ ও ডিএসসিসির ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

মো. তাজুল ইসলাম বলেন, ‘আমাদের যেমন হাসপাতাল তৈরি করতে হবে, চিকিৎসার মান উন্নয়ন করতে হবে তেমনি মানুষকে বিশুদ্ধ ও ভেজালমুক্ত খাবার দিতে হবে। কারণ মানুষের শরীরে রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করতে বিশুদ্ধ ও পুষ্টিসমৃদ্ধ খাবারের কোন বিকল্প নেই।

তিনি বলেন, মানুষের রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়লে তার ইমিউনিটি সিস্টেম যে কোন ভাইরাসকে সহজেই দমন করতে পারে। আর মানুষের ইমিউনিটি নির্ভর করে ফুড সাইকেলের ওপর। খাদ্যে ভেজাল থাকলে মানুষ সহজেই ছোট-খাটো ভাইরাসে আক্রান্ত হয়।

স্থানীয় সরকার মন্ত্রী বলেন, দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরে অধিকাংশ মানুষ প্রক্রিয়াজাত খাবার খাওয়ায় তাদের ইমিউনিটি কমে গিয়েছিল।

ফলে যুদ্ধের চাইতেও যুদ্ধ পরবর্তী সময়ে ছোট-খাটো ভাইরাসের আক্রমণে যুদ্ধের চেয়েও অনেক বেশি মানুষ মারা গিয়েছিল।

আধুনিক খাদ্য পরীক্ষাগারটিকে ইউরোপীয় দেশগুলোর মতো উন্নতমানের উল্লেখ করে তিনি বলেন, এই পরীক্ষাগার নগরবাসীকে ভেজালমুক্ত খাবার সরবরাহ করতে খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

সূত্র- ইত্তেফাক

দেশে করোনা আক্রান্ত দেড় লাখ ছাড়াল

দেশে গত ২৪ ঘণ্টায় করোনাভাইরাসে আক্রান্ত হয়েছে ৩৮ জনের মৃত্যু হয়েছে। মহামারীতে এ পর্যন্ত মারা গেছেন এক হাজার ৯২৬ জন।

বৃহস্পতিবার দুপুরে কোভিড-১৯ রোগ নিয়ে হালনাগাদ তথ্য দিতে স্বাস্থ্য অধিদফতরের অনলাইন সংবাদ ব্রিফিংয়ে এমন তথ্য জানানো হয়েছে।

অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) অধ্যাপক ডা. নাসিমা সুলতানা বলেন, এ সময়ে নতুন করে চার হাজার ১৯ জনের শরীরে করোনা শনাক্ত হয়েছে। এ পর্যন্ত শনাক্ত হয়েছে এক লাখ ৫৩ হাজার ২৭৭ জন।

তিনি বলেন, ২৪ ঘণ্টায় ১৭ হাজার ৪৪৭টি নমুনা সংগ্রহ করা হয়েছে। আর পরীক্ষা করা হয়েছে ১৮ হাজার ৩৬২টি। এ পর্যন্ত নমুনা পরীক্ষা করা হয়েছে আট লাখ দুই হাজার ৬৯৭টি।

তিনি বলেন, আজ ৭০টি পরীক্ষাগারে নমুনা পরীক্ষা করা হয়েছে। আরেকটি বেসরকারি মেডিকেল কলেজ পরীক্ষাগারের সঙ্গে সংযুক্ত হয়েছে।

‘গত এক দিনে সুস্থ হয়েছেন চার হাজার ৩৩৪জন। আর এ পর্যন্ত সুস্থ হয়েছেন ৬৬ হাজার ৪৪২ জন। শনাক্তের বিবেচনায় সুস্থতার হার ৪৩.৩৫ শতাংশ।’

তিনি আরও বলেন, শনাক্ত বিবেচনায় মৃত্যুর হার এক দশমিক ২৬ শতাংশ। মৃতদের মধ্যে পুরুষ ৩২ জন, আর নারী ছয় জন।

করোনার ঝুঁকি এড়াতে সামাজিক দূরত্ব বজায় রাখা এবং স্বাস্থ্যবিধি মানতে সবাইকে অনুরোধ জানিয়ে তিনি বলেন, দেশের কয়েকটি এলাকা বন্যাকবলিত। সরকার দুর্গতদের সহায়তায় কাজ করছে।

পাশাপাশি স্বাস্থ্য অধিদফতরের পক্ষ থেকে সব ধরনের ওষুধ বন্যাদুর্গত এলাকায় পৌঁছানো হয়েছে। করোনা মোকাবেলায় দুর্গত এলাকায় সবাই স্বাস্থ্যবিধি মেনে চলুন। পানিতে ডুবে ও সাপের কামড়ে মারা যাওয়া থেকে সতর্ক থাকুন। সুত্র-যুগান্তর

করোনাকালে রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াতে ‘ইমিউনিটি পিঠা’

করোনাভাইরাস আক্রান্ত ব্যক্তির চিকিৎসায় এখন পর্যন্ত কোন ওষুধ বা টিকা আবিষ্কার হয়নি। তবে এর আক্রমন থেকে বাঁচতে এখন পর্যন্ত সারা পৃথিবীতে যে পদ্ধতিটি এখন পর্যন্ত স্বীকৃত, তা হলো ইমিউনিটি বা রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ানো। এই চিন্তা থেকেই পুষ্টিবিদদের পরামর্শ আর নিজেদের গবেষণার মাধ্যমে যশোরের স্বেচ্ছাসেবী সংগঠন আইডিয়া’র কর্মীরা তৈরি করেছেন ‘ইমিউনিটি পিঠা’। যে পিঠায় আছে ডুমুর, কালোজিরা, আদা, অলিভ অয়েল, চিকেন মিটসহ ১২টি ঔষধি মসলা।

আইডিয়া’র প্রধান উপদেষ্টা যশোর সরকারি এমএম কলেজের সমাজবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক হামিদুল হক শাহীন বলেন, সারা পৃথিবীতেই করোনাভাইরাসের সংক্রমণ মহামারি রূপ নিয়েছে। এ অবস্থায় সহজে দেশের মানুষের ইমিউনিটি কীভাবে বাড়ানো যায়, তা নিয়ে আইডিয়ার কর্মীরা চিন্তা করছিলেন। আমাদের দেশের মানুষের পিঠার প্রতি বড় ধরণের আকর্ষণ রয়েছে।

তাই স্বাদ, গন্ধ অটুট রেখে যদি পিঠার মধ্যেই ইমিউনিটি বাড়ানোর উপাদানগুলো যোগ করে দেওয়া যায়, তাহলে খাওয়ার মজার সাথে

ইমিউনিটি বাড়ানোর কাজটাও সহজে হয়ে যায়। সে চিন্তা থেকেই পুষ্টিবিদদের পরামর্শ নিয়ে তিন ধরণের পিঠা তৈরি করছে আইডিয়া। যার মধ্যে থাকছে পিঠার অন্যান্য সাধারণ উপকরণের পাশাপাশি ডুমুর, কালোজিরা, আদা, রসুন, এলাচ, মেথি, লবঙ্গ, গোলমরিচ, চারুচিনি, আমলকি, তুলসি পাতা, সজিনার পাতা ও এক্সট্রা ভার্জিন অলিভ ওয়েল। এসব উপাদানগুলো আমাদের রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ানোর পাশাপাশি আরও বহু ধরণের উপকার করে। প্রতি পিস পিঠার দাম রাখা হচ্ছে মাত্র ২০ টাকা, যা আইডিয়া যশোরের পিঠা পার্ক থেকে যে কেউ সংগ্রহ করতে পারবেন। এই পিঠা থেকে আইডিয়া কোন অর্থনৈতিক বেনিফিট পেলে সেটাও মানুষের কল্যাণেই ব্যয় করা হবে।

যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (যবিপ্রবি) পুষ্টি ও খাদ্য প্রযুক্তি বিভাগের প্রভাষক শুভাশীষ দাস শুভ বলেন, প্রাচীনকাল থেকে প্রমাণিত যে নিয়মিত শরীর চর্চা ও সুষম খাবারের সাথে কিছু মসলা রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। আইডিয়ার তৈরি ইমিউনিটি পিঠায় যে উপাদানগুলো ব্যবহার করা হচ্ছে, সেগুলো খুব সহজেই ইমিউনিটি তৈরির কাজটা করবে।

সূত্র- বিডি-প্রতিদিন

কুষ্টিয়ায় নতুন করে ৩০ জন করোনায় আক্রান্ত

কুষ্টিয়া মেডিক্যাল কলেজের পিসিআর ল্যাবে আজ জেলার ১২৬ টি নমুনা পরীক্ষা করা হয়। এরমধ্যে জেলায় আজ নতুন করে ৩০ জনকে আক্রান্ত বলে সনাক্ত করা হয়েছে।

নতুন আক্রান্তের মধ্যে কুষ্টিয়া জেলার দৌলতপুরে ৯ জন, মিরপুরে ১ জন, সদরে ১৮ জন, কুমারখালীতে ১ জ্ন, খোকসায় ১ জন । (ফলোআপ সদর১, দৌলতপুর১, ভেড়ামারা১)
কুষ্টিয়া সদর উপজেলায় আক্রান্ত ১৮ জনের ঠিকানা জুগিয়া ১জন, হাউজিং স্টেট ১ জন, পশ্চিম মজমপুর ২ জন, পুলিশ লাইন ১ জন,

থানাপাড়া ১ জন, উত্তর আমলাপাড়া ১ জন, পূর্ব মজমপুর ২ জন, সিএসবি রোড, আমলাপাড়া ১ জন, এন এস রোড ১ জন, কাস্টমস মোড় ১ জন, চৌড়হাস ১ জন, বারখাদা ৪ জন ও কুষ্টিয়া সরকারি কলেজ ১ জন।

মিরপুর উপজেলায় আক্রান্ত ১ জনের ঠিকানা মালিহাদ। দৌলতপুর উপজেলায় আক্রান্ত ৯ জনের ঠিকানা দফাদারপাড়া ৪ জন, মহেশকুণ্ডি ৪ জন, আদাবাড়িয়া ১ জন। কুমারখালী উপজেলায় আক্রান্ত ১ জনের ঠিকানা তারাপুর। খোকসা উপজেলায় আক্রান্ত ১ জনের ঠিকানা চড়পাড়া।

নতুন আক্রান্তের মধ্যে পুরুষ ১৯ জন, মহিলা ১১ জন। এই নিয়ে কুষ্টিয়ায় এখন পর্যন্ত ৬৫২ জন কোভিড রোগী সনাক্ত হল।

সিভিল সার্জন ডা: এএইচ এম আনোয়ারুল ইসলাম জানান, সুস্থ হয়ে ছাড়া পেয়েছেন মোট ২৫৭ জন, বর্তমানে হোম আইসোলেশনে চিকিৎসাধীন ৩৬১ জন। হাসপাতালে চিকিৎসাধীন ৩৪ জন। এবং করোনায় আক্রান্ত হয়ে মারা গেছে ১১ জন।

গাংনীতে করোনা প্রতিরোধে উপজেলা প্রশাসনের অভিযান-এক ব্যাক্তির জরিমানা

মেহেরপুরের গাংনীতে উপজেলা প্রশাসনের উদ্যোগে অভিযান পরিচালিত হয়েছে। বুধবার বিকেলে করোনা প্রতিরোধে মানুষের মাস্ক ব্যবহার নিশ্চিত করণের লক্ষ্যে এ অভিযান পরিচালিত হয়। সরকারি নির্দেশনা উপেক্ষা করে মাস্ক ব্যবহার না করায় গাংনীর জালাল উদ্দিনের ছেলে নয়নকে ২’শ টাকা জরিমানা করা হয়েছে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আর এম সেলিম শাহনেওয়াজ ভ্রাম্যমান আদালতের মাধ্যমে এ জরিমানা আদায় করেন। পরে তিনি অর্ধশতাধিক ব্যক্তির মাঝে বিনামূল্যে মাস্ক বিতরণ করেন এবং মানুষকে সচেতন করেন। এ সময় গাংনী থানা পুলিশের এস আই মাহাতাব ও সঙ্গীয় ফোর্স ভ্রাম্যমাণ আদালত পরিচালনায় দায়িত্ব পালন করেন।